

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৯০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - এ উম্মতের [উম্মতে মুহাম্মাদী (সা.)-এর] সাওয়াবের বিবরণ

اَلْفَصْلُ الثَّالِثُ (بَابِ ثَوَابِ هَذه)

আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «طُوبَى لِمَنْ رَآنِي [وَآمَنَ بِي] وَطُوبَى لِمَنْ لَمْ يَرَنِي وَآمَنَ بِي» . رَوَاهُ أَحْمد

سنده ضعیف ، احمد (5 / 248 ح 22490 ، 5 / 257) * فیم قتادة مدلس و عنعن عن ایمن بن مالک الاشعری ولم طریق آخر ضعیف عند ابن حبان (الموارد: 2303) و حدیث ابن حبان (الموارد: 2302) بلفظ: "طوبی لمن رانی و آمن بی و طوبی ثم طوبی لمن آمن بی ولم یرنی " و سنده حسن فهو یغنی عنم

বাংলা

৬২৯০-[৮] আবৃ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তাঁদের জন্য সুসংবাদ যাঁরা আমাকে দেখেছে (এবং ঈমান এনেছে) এবং সাতবার সুসংবাদ ঐ সকল লোকের জন্য, যারা আমাকে না দেখে আমার ওপর বিশ্বাস স্থাপন করেছে। (আহমাদ)।

নোটঃ وَطُوبَى سَبْعَ مَرَّات অর্থাৎ সাতবার সুসংবাদ এই অংশটুকু আমরা আমাদের নেয়া মুল আরবীতে পাইনি – হাদিসবিডি এডমিন

ফুটনোট

সহীহ: আলবানী (রহিমাহুল্লাহ) প্রথমে হাদীসটিকে যঈফ বলেছিলেন, অতঃপর সহীহ বলেছেন, সিলসিলাতুস্ সহীহাহ ১২৪১, সহীহুল মাওয়ারিদ ১৯৬১, দেখুন- তারাজু'আতুল আল্লামাহ্ আলবানী ১০৭, মুসনাদে আহমাদ ২২১৯২।



ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَطُوبَى سَبْعُ مَرَّاتٍ) এর দ্বারা উদ্দেশ্য হলো অধিক বুঝানো, সীমাবদ্ধকরণ নয়। এ হাদীসে নির্ধারিত সাত সংখ্যাকে শারী'আত প্রণেতা রাসূলুল্লাহ (সা.)-এর জ্ঞানের উপর সোপর্দ করতে হবে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন